



### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে D-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত তিনটি বিভাগ যথা - (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, (২) দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সমন্বয়ে গঠিত D-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত পস্থা যথাযথভাবে অনুসরণ করে আবেদন করতে হবে।

- ১। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা : ভর্তিচ্ছু আবেদনকারীকে অবশ্যই ২০১৯ অথবা ২০২০ সনের উচ্চ মাধ্যমিক/সম্মান এবং ২০১৭ অথবা ২০১৮ সনে মাধ্যমিক/সম্মান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত শর্ত পূরণ করা সাপেক্ষে বিভিন্ন কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।
- ২। আবেদন করার পদ্ধতি : বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত এবং ওয়েবসাইটে প্রদর্শিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।
- ৩। আবেদন করার সময়সীমা : আগামী ০৭.১০.২০২১ খ্রি. রাত ১২.০১ মিনিট থেকে ১৭.১.২০২১ খ্রি. রাত ১২.০০ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। এই সময়ে ওয়েবসাইটে নির্দেশিত পস্থা অনুসরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৮৫০/- (আটশত পঞ্চাশ) টাকা মোবাইল/অনলাইন ব্যাংকিং (বিকাশ/নগদ/রকেট/ভিসা কার্ড/মাস্টার কার্ড) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।
- ৪। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য :
  - (ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল D-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র গ্রহণের তারিখ এবং পরীক্ষার সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ বিজ্ঞপ্তি প্রকাশসহ এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।
  - (খ) মোট ৮০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তন্মধ্যে ৬০ নম্বরের এমসিকিউ এবং ২০ নম্বরের লিখিত নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে। এমসিকিউ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।
- ৫। ভর্তি পরীক্ষার ফলাফল, চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময়সীমা এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।
- ৬। ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে উপরোক্ত ইউনিট অন্তর্ভুক্ত বিভাগ সমূহে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.iu.ac.bd](http://www.iu.ac.bd)-এ থেকে সংগ্রহ করা যাবে।

(মু: আতাউর রহমান)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামী বিশ্ববিদ্যালয়  
কুষ্টিয়া